# ডুমুরিয়া উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ

**রেজি নং ৫০১/কে, তারিখ:- ১৪/০৩/২০১০ খ্রি:**

**গ্রাম:- ডুমুরিয়া, পোষ্ট:- ডুমুরিয়া বাজার উপজেলা:-ডুমুরিয়া জেলা:-খুলনা।**

স্মারক নং - ০১ তারিখ- ২৮/১২/২০২৫খ্রি:

এতদ্বারা ডুমুরিয়া উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর সকল সদস্যদের অবগতির জন্য জানান যাচ্ছে যে, সমিতির ব্যবস্থাপনা কমিটির ২৩/১১/২০২৫ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ৩১/০১/২০২৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য সমিতির বিশেষ সাধারণ সভার মাধ্যমে ব্যবস্থাপনা কমিটির নির্বাচনের নিমিত্ত নির্বাচন কমিটির অদ্য ২৮/১২/২০২৫ খ্রিঃ তারিখের সভায় প্রণীত ব্যবস্থাপনা কমিটির নির্বাচনী তফসিল সমিতির সকল সদস্য ও সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে নিম্নরূপভাবে ঘোষণা করা হ'ল।

## নির্বাচনী তফসিল - ২০২৬ খ্রি:

| ক্রঃনং | কর্মসূচী | স্থান | তারিখ | সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | মনোনয়নপত্র বিতরণ। | সমিতির কার্যালয় | ০৪/০১/২০২৬ খ্রি: ও ০৫/০১/২০২৬ খ্রি: | সকাল ১১ টা হতে দুপুর ৩ টা পর্যন্ত। | নির্বাচন কমিটি মনোনয়ন পত্র বিতরণ করবেন। |
| ০২ | মনোনয়নপত্র জমাদানের তারিখ। | সমিতির কার্যালয় | ০৮/০১/২০২৬ খ্রি: | সকাল ১১.৩০ টা হতে দুপুর ২.৩০ টা পর্যন্ত | নির্বাচন কমিটি জমা গ্রহণ করবেন। |
| ০৩ | মনোনয়নপত্র বাছাই। | সমিতির কার্যালয় | ১১/০১/২০২৬ খ্রি: | সকাল ১১.৩০ টা | প্রার্থী বা তার প্রতিনিধি উপস্থিত থাকবেন। |
| ০৪ | মনোনয়নপত্র বাছাইঅন্তে প্রার্থীর খসড়া তালিকা প্রকাশ | সমিতির নোটিশ বোর্ড | ১১/০১/২০২৬ খ্রি: | দুপুর ১ টা | -- |
| ০৫ | প্রাথমিক খসড়া তালিকায় অন্তর্ভুক্ত কোন প্রার্থীর মনোনয়ন পত্রের বিষয়ে আপত্তি কিংবা বাতিল কৃত প্রার্থীর আপীল আবেদন দাখিল | জেলা সমবায় কার্যালয়, খুলনা ৩ নং পিসি রায় রোড | ১২/০১/২০২৬ খ্রিঃ ও ১৩/০১/২০২৬ খ্রিঃ **(দুই কর্ম দিবস)** | অফিস চলাকালীন সময়ে। | জেলা সমবায় অফিসার, খুলনা |
| ০৬ | আপিলের শুনানী ও নিস্পত্তি। | জেলা সমবায় কার্যালয়, খুলনা ০৩ নং পিসি রায় রোড | ১৪/০১/২০২৬ খ্রি: ১৫/০১/২০২৬ খ্রি: ও ১৮/০১/২০২৬ খ্রি: (তিন কর্ম দিবস) | অফিস চলাকালীন সময়ে। | জেলা সমবায় অফিসার, খুলনা |
| ০৭ | নির্বাচন কমিটি কর্তৃক বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ। | সমিতির নোটিশ বোর্ড | ১৯/০১/২০২৬ খ্রিঃ | সকাল ১১.৩০ টা | নোটিশ বোর্ড |
| ০৮ | প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ | সমিতির কার্যালয় | ২২/০১/২০২৬ খ্রিঃ | সকাল ১১ টা হতে ০২ টা পর্যন্ত | নির্বাচন কমিটি আবেদন গ্রহণ কবেন। |
| ০৯ | প্রতীক বরাদ্দ | সমিতির কার্যালয় | ২২/০১/২০২৬ খ্রিঃ | দুপুর ২ টা হতে বিকাল ৩ টা পর্যন্ত | নির্বাচন কমিটির সভাপতি কর্তৃক বরাদ্দকরবেন। |
| ১০ | চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ | সমিতির নোটিশ বোর্ড | ২২/০১/২০২৬ খ্রিঃ | বিকাল ০৪ টা | -- |
| ১১ | **ভোট গ্রহণ** | শহীদ স্মৃতি মহিলা মহাবিদ্যালয়, ডুমুরিয়া, খুলনা | **৩১/০১/২০২৬খ্রি:** | **সকাল ০৯ টা হতে বিকাল ০৩ টা পর্যন্ত বিরতিহীনভাবে।** | -- |
| ১২ | **ফলাফল ঘোষণা** | শহীদ স্মৃতি মহিলা মহাবিদ্যালয়, ডুমুরিয়া, খুলনা | **৩১/০১/২০২৬খ্রি:** | ভোট গণনা শেষে। | -- |

## নির্বাচন সম্পর্কে জ্ঞাতব্য বিষয় ঃ-

০১. নির্বাচন সমবায় সমিতি আইন/২০০১, সমবায় সমিতি আইন (সংশোধিত ২০০২ ও ২০১৩) , সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এবং সংশ্লিষ্ট সমিতির নিবন্ধিত উপ-আইন মোতাবেক পরিচালিত হবে।

০২. ব্যবস্থাপনা কমিটি চেয়ারম্যান পদে ০১ জন, ভাইস-চেয়ারম্যান পদে ০১ জন, সেক্রেটারী পদে ০১ জন, জয়েন্ট সেক্রেটারী পদে- ০১ জন,

০৩. সমিতির ব্যবস্থাপনা কমিটির বিগত ২৩/১১/২০২৫ খ্রিঃ তারিখ সভার সিদ্ধান্ত মোতাবেক নির্বাচনে আগ্রহী প্রত্যেক প্রার্থীকে চেয়ারম্যান পদে ৩,০০০/-(তিন হাজার) টাকা ,ভাইস-চেয়ারম্যান পদে ২,৫০০/-(দুই হাজার পাঁচশত) টাকা , সেক্রেটারী পদে ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা,জয়েন্ট সেক্রেটারী পদে- ২,০০০/-(দুই হাজার) টাকা , ট্রেজারার পদে-২,০০০/-/-(দুই হাজার) টাকা, এবং ডিরেক্টর পদে- ২,০০০/-(দুই হাজার) টাকা হারে অফেরৎযোগ্য জামানত ও মনোনয়ন পত্রের ফরম বাবদ ১০০/-(একশত) ফি জমা প্রদান পূর্বক মনোনয়নপত্র নির্বাচন কমিটির নিকট থেকে সংগ্রহ করতে পারবে।

০৪. মনোনয়নপত্র বাছাই, প্রতীক বরাদ্দ ও অন্যান্য কর্মকান্ড চলাকালীন সময়ে প্রার্থী অথবা তাঁর প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন।

০৫. মনোনয়ন প্রত্রের সাথে প্রার্থীর ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি সমিতির চেয়ারম্যান/সেক্রেটারী কর্তৃক সত্যায়িত এবং উপজেলা/ জেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষর করিয়া জমা দিতে হইবে. মনোনয়ন পত্র ক্রয়ের রশিদ এবং বয়স প্রমানের জন্য মনোনয়নের সাথে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৬. নির্বাচনে প্রতিদ্বন্দিতা করতে ইচ্ছুক সকল প্রার্থীকে সমবায় সমিতি আইন/০১ এর ১৯ ধারা এবং সমবায় সমিতি আইন (সংশোধিত) ২০০২ এর ১৮(৮) ধারা এবং সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ২৪ বিধি ও সমিতির উপ-আইন মোতাবেক যোগ্য হতে হবে।

০৭. ভোটাধিকার প্রয়োগের ক্ষেত্রে সমবায় সমিতি আইন/২০০১ এর ৩৭ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ৮৮ (৩) বিধি অনুসরন করতে হবে।

০৮. প্রতীক সমূহঃ-

(ক) চেয়ারম্যান পদের প্রতীক :- চেয়ার, ছাতা, দোয়াত কলম, মটর সাইকেল

(খ) ভাইস-চেয়ারম্যান পদের প্রতীক :- মাছ, মই, আনারস, মোমবাতি।

(গ) সেক্রেটারী পদে প্রতীক :- আম, হরিণ, মোরগ, আপেল, ঘুড়ি।

(ঘ) জয়েন্ট সেক্রেটারী পদের প্রতীক :- ফুটবল, হারিকেন, ঘোড়া, সিলিংফ্যান।

(ঙ) ট্রেজারর পদের প্রতীক :- কলম, মোবাইল, কম্পিউটার, চশমা।

(চ) ডিরেক্টর পদে প্রতীক :- দেয়ালঘড়ি, বই, হাতি, তরবারী,বাঘ।

প্রকাশ থাকে যে,উপরিল্লিখিত পদে প্রার্থীর সংখ্যা বেশী হলে নির্বাচন কমিটি প্রতীক বরাদ্দের সময়ে বর্ণিত প্রতীক ভিন্ন অন্য প্রতীক বরাদ্দ করবেন।

০৯. চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত সদস্য ব্যতীত কোন ব্যক্তি নির্বাচনে অংশগ্রহণ,ভোট প্রদান, নির্বাচনী পোলিং এজেন্টসহ নির্বাচন সংক্রান্ত কোন কাজে অংশগ্রহন করিতে পারিবে না।

১০. মনোনয়ন পত্র সভ্য রেজিষ্টার / সদস্য বহি অনুযায়ী যথাযথভাবে পূরণ করতে হবে। কোন অবস্থাতেই অস্পষ্ট, ঘষা মাজা, ফ্লুইড ব্যবহার কিংবা মিথ্যা তথ্য সম্বলিত হলে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৮ (১) বিধি অনুযায়ী মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে।

১১. মনোনয়ন পত্রের কোন ফটোকপি গ্রহন যোগ্য নয়।

১২.কোন প্রার্থী একাধিক পদে মনোনয়ন পত্র দাখিল করতে পারিবে না।

১৩. কোন ব্যক্তি ভূয়া ভোটার হিসাবে প্রমাণিত হলে তার বিরুদ্ধে তাৎক্ষণিকভাবে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪.চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত সদস্য ব্যতীত অন্য কোন ব্যক্তি নির্বাচনে অংশগ্রহণ, ভোট প্রদান, নির্বাচনী পোলিং এজেন্টসহ নির্বাচন সংক্রান্ত কোন কার্যে অংশগ্রহণ করতে পারবেন না।

১৫.কোন ঋণ খেলাপী সদস্য নির্বাচনে অংশগ্রহন করতে পারবে না এবং সমিতিতে নিয়োজিতকোন কর্মচারী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করিতে পারিবে না

১৬. ব্যালট পেপারে প্রার্থীগণের নামের অদ্যাক্ষর অনুসারে নাম সন্নিবেশিত হবে এক্ষেত্রে মূল নাম বিবেচ্য হবে।

১৭. নির্বাচন সংক্রান্ত বিষয়ে কারও কোন জিজ্ঞাসা থাকলে বা জানার প্রয়োজন হলে নির্বাচন কমিটির সভাপতির নিকট থেকে জানা যাবে।

১৮. প্রত্যেক প্রতিদ্বন্ধী প্রার্থীকে সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত দিনের ৩৬ ঘন্টা পূর্বে নির্বাচনী কার্যক্রম সংক্রান্ত প্রচারনা অবশ্যই বন্ধ করতে হবে।

১৯.নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত হিসাবে গন্য হবে।

২৮/১২/২৫
(মো: আব্দুল হালিম ঢালী )
সদস্য
নির্বাচন কমিটি
ব্যবস্থাপনা কমিটি নির্বাচন/২০২৬
ডুমুরিয়া উপজেলা শিক্ষক কর্মচারী
কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ
ডুমুরিয়া বাজার, ডুমুরিয়া, খুলনা।

২৮/১২/২৫
(তন্ময় পাঁড়ে)
সহকারী পরিদর্শক
ও
সদস্য,
নির্বাচন কমিটি
ব্যবস্থাপনা কমিটি নির্বাচন/২০২৬
ডুমুরিয়া উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ
ডুমুরিয়া বাজার, ডুমুরিয়া,খুলনা।

২৮/১২/২৫
(সরদার জাহিদুর রহমান)
উপজেলা সমবায় অফিসার
ও
সভাপতি,
নির্বাচন কমিটি
ব্যবস্থাপনা কমিটি নির্বাচন/২০২৬
ডুমুরিয়া উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ
ডুমুরিয়া বাজার,ডুমুরিয়া,খুলনা।
মোবাইল নং ০১৭১১-৯৩৭০১০

স্মারক নং- ০১ (১৭৪ )  তারিখঃ- ২৮/১২/২০২৫ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল ঃ-(জেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১,জনাব........................................................................সদস্য,(সকল) ডুমুরিয়া উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ গ্রাম:- ডুমুরিয়া পোষ্ট:- ডুমুরিয়া বাজার উপজেলা:-ডুমুরিয়া জেলা:-খুলনা।

০২, জনাব..............................................................সদস্য, নির্বাচন কমিটি, ক্রমিক নং ২ ও ৩ এ বর্ণিত সম্মানিত নির্বাচন কমিটির সদস্যদ্বয়কে নির্বাচনের তফসিলে বর্ণিত তারিখের প্রতি কর্মকান্ড সভায় উপস্থিত থাকতে অনুরোধ করা গেল।

**০৩, চেয়ারম্যান / সেক্রেটারী, ব্যবস্থাপনা কমিটি, ডুমুরিয়া উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ গ্রাম:- ডুমুরিয়া পোষ্ট:-ডুমুরিয়া বাজার, উপজেলা:- ডুমুরিয়া জেলা:-খুলনা। তাঁকে সমিতির সকল সদস্য এবং সংশ্লিষ্ট সকলকে অত্র নির্বাচনী তফসিল অতীব জরুরী ভিত্তিতে বহুল প্রচারের জন্য স্থানীয় পত্রিকায় বিজ্ঞপ্তি ও সদস্যদের মধ্যে জারী করা সহ নোটিশ বোর্ডে সকল সদস্যদের জ্ঞাতার্থে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল।**

০৪, উপজেলা সমবায় অফিসার, ডুমুরিয়া, খুলনা।

০৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ডুমুরিয়া থানা, ডুমুরিয়া, খুলনা।

০৬. উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা।

০৫. জেলা ব্যবস্থাপক, কালব, খুলনা।

০৬, জেলা সমবায় অফিসার, খুলনা।

০৭, নোটিশ বোর্ড।

(সরদার জাহিদুর রহমান)
উপজেলা সমবায় অফিসার
ও
সভাপতি,
নির্বাচন কমিটি
ব্যবস্থাপনা কমিটি নির্বাচন/২০২৬
ডুমুরিয়া উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট
ইউনিয়ন লিঃ
ডুমুরিয়া বাজার, ডুমুরিয়া,খুলনা।